রেজিস্টার্ড নং ডি এ -১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জুন ২৪, ২০০১**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

**তারিখ, ১০ই আষাঢ়, ১৪০৮/২৪ শে জুন ২০০১**

এস, আর, ও নং ১৬৭-আইন/২০০১— মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০ নং আইন) এর ধারা ৭ এর উদ্দেশ্যে পূরণকল্পে উক্ত আইনের ধারা ৫৫-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ

১। **সংক্ষিপ্ত শিরোনামঃ**—এই বিধিমালা জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ড (তহবিল রক্ষণাবেক্ষণ ও অর্থ ব্যয়) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা ঃ— বিষয় ও প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায় —

(ক) "নির্ধারিত ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম ;

(খ) "পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা)" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা) ;

(গ) "পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন);

(ঘ) "পরিচালক (প্রশাসন ও অর্থ)" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ);

(ঙ) "বোর্ড" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন,১৯৯০ এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ড ;

(চ) "বোর্ড সচিব" অর্থ জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ডের সচিব ;

(ছ) "সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)।

৩। **তহবিলের অর্থ ব্যয়ের খাত** ঃ— নিম্নবর্ণিত খাতে তহবিলের অর্থ ব্যয় করা যাইবে, যথা ঃ

(ক) মাদকদ্রবব্যের অপব্যবহারের কুফল সম্পর্কে জনগণকে সবিতন করিবার লক্ষ্যে গৃহীত পদক্ষেপ, আয়োজিত প্রশিক্ষণ এবং জনসচেতনতা ও নিরোধ শিক্ষা বিষয়ক বিভিন্ন কর্মসূচী ;

(খ) গরীব মাদকাসক্তদের স্বল্প ও দীর্ঘমেয়াদী চিকিৎসার ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ ;

(গ) চিকিৎসা শেষে বেকার মাদকাসক্তদের পুনর্বাসনকল্পে "ভোকেশনাল ট্রেনিং" প্রদানের লক্ষ্যে গৃহীত ব্যবস্থা ;

(ঘ) মাদকাসক্তদের সনাক্তকরণ এবং তাদের সুস্থ ও স্বাভাবিক জীবন যাপনে সহায়তা প্রদানের লক্ষ্যে "মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র" স্থাপন সংক্রান্ত গৃহীত ব্যবস্থা ;

(ঙ) মাদকদ্রব্য এবং তৎসংশ্লিষ্ট সমস্যা সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহের লক্ষ্যে যে কোন ধরনের গবেষণা বা জরিপ পরিচালনা সংক্রান্ত কার্যক্রম ;

(চ) তহবিল পরিচালনার ক্ষেত্রে যে কোন নির্বাহী ব্যয় ;

(ছ) জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ড কর্তৃক নির্ধারিত এতদ্‌সংশ্লিষ্ট অন্য কোন বিষয়ে।

৪। **তহবিলে অর্থ জমা** ঃ— (১) তহবিলের অনুকূলে প্রাপ্ত যাবতীয় অর্থ, জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ড কর্তৃক অনুমোদিত কোন তফসিলী ব্যাংকের সঞ্চয়ী হিসাবে জমা রাখিতে হইবে।

(২) সরকার বা সরকারী কোন সংস্থা কর্তৃক মঞ্জুরীকৃত অনদান চেকের মাধ্যমে গ্রহণ করা যাইবে।

(৩) কোন বিদেশী সরকার, সংস্থা বা আন্তর্জাতিক সংস্থার অনুদান গ্রহণের ক্ষেত্রে উৎস উল্লেখপূর্বক নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়কে এই ব্যাপারে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৪) কোন স্থানীয় কর্তৃপক্ষ, ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুদান কেবলমাত্র সংশ্লিষ্ট হিসাব খাতে প্রদেয় ব্যাংক চেক বা ব্যাংক ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা যাইবে।

(৫) মাদকদ্রব্যের সাথে জব্দ ও বাজেয়াপ্তকৃত অর্থ জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ড তহবিলে জমা করিতে হইবে।

(৬) কোন অনুমোদিত খাতে অব্যয়িত অর্থ তহবিলে জমা করিতে হইবে।

(৭) ব্যাংকে গচ্ছিত তহবিলের অর্থের উপর অর্জিত নীট সুদ (বিভিন্ন কর্তন বাদে) এই তহবিলের অর্থ হইবে।

(৮) জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ড তহবিলে জমাকৃত অর্থ সম্পর্কে বোর্ডের সচিব সময়ে সময়ে বোর্ডের চেয়ারম্যানকে অবহিত করিবেন এবং বাৎসরিক হিসাব বোর্ডের নিকট পেশ করিবেন।

৫। **তহবিল পরিচালনা** ঃ— বোর্ড সচিব এবং পরিচালক (প্রশাসন ও অর্থ) এর যৌথস্বাক্ষরে তহবিলের ব্যাংক একাউন্ট পরিচালিত হইবে এবং তাহারা তহবিল পরিচালনার জন্য বোর্ডের নিকট দায়ী থাকিবেন।

৬। **তহবিল হইতে অর্থ মঞ্জুরী** ঃ— (১) বোর্ডের অনুমোদিত খাতে বোর্ড সচিব, ক্ষেত্রমত, পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা) এবং পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) এর অনুকূলে অর্থ মঞ্জুরীর আদেশ জারী করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন মঞ্জুরীকৃত অর্থ সংশ্লিষ্ট পরিচালক বরাবর ক্রসড্ চেকের মাধ্যমে প্রদান করিতে হইবে।

(৩) সংশ্লিষ্ট পরিচালক বোর্ড কর্তৃক অনুমোদিত খাতে উক্ত অর্থ ব্যয় করিবেন এবং পদ্ধতি অনুসারে উক্ত হিসাব সংরক্ষণ করিবেন।

৭। **তহবিলের অর্থ ব্যয় ও হিসাব সংরক্ষণ পদ্ধতি** ঃ— (১) জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ডে অনুমোদন ব্যতীত এই তহবিল হইতে কোন অর্থ ব্যয় করা যাইবে না।

(২) পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা) এবং পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) তাহাদের অনুকূলে প্রদত্ত অর্থের ব্যয় ও যাবতীয় হিসাব সংরক্ষণের জন্য বোর্ড সচিবের নিকট দায়ী থাকিবেন এবং বোর্ড সচিব বোর্ডের নিকট দায়ী থাকিবেন।

(৩) বোর্ড সচিবের সার্বিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) তহবিলের যাবতীয় হিসাব ও রেকর্ড সংরক্ষণ করিবেন।

(৪) তহবিলের যাবতীয় অর্থের জমা ও খরচের হিসাব নির্ধারিত 'ক' ফরমে সংরক্ষণ করিতে হইবে।

(৫) বোর্ড কর্তৃক অনুমোদিত খাতে অর্থ ব্যয়ের জন্য অন্য কোন অধীনস্থ কর্মকর্তাদের বরাবরে অর্থ বিতরণ করা হইলে ব্যয়কৃত টাকার হিসাব প্রতি তিন মাস অন্তর অধীনস্থ কর্মকর্তাগণ প্রত্যয়নসহ সংশ্লিষ্ট পরিচালক বরাবর পেশ করিবন এবং সংশ্লিষ্ট পরিচালক সেই প্রত্যয়নে অনুস্বাক্ষর করিবেন।

(৬) উল্লিখিত পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা) এবং পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) প্রতি তিন মাস অন্তর খরচের একটি বিবরণ নির্ধারিত 'খ' ফরমে বোর্ড সচিবের নিকট দাখিল করিবেন এবং বোর্ড সচিব সেই বিবরণ বোর্ড সভায় উপস্থাপন করিবেন।

(৭) বিধি ৩-এ উল্লিখিত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রদত্ত অর্থের অব্যয়িত অর্থের হিসাব প্রতি বছর ৩০ শে জুন তারিখের মধ্যে সংশ্লিষ্ট পরিচালক বরাবর অধীনস্থ কর্মকর্তারা ফেরত প্রদান করিবেন।

(৮) বোর্ড সচিব এবং পরিচালক (প্রশাসন ও অর্থ) কর্তৃক প্রতি অর্থবছর শেষে সরকারী ক্যাশবুক ও ব্যাংক একাউন্টের মধ্যে সমন্বয় সাধনের ব্যবস্থা করিবেন।

(৯) তহবিলের অর্থ ব্যয়ের জন্য নির্ধারিত 'ক' ফরম এর অনুরূপ একটি প্রাপ্তি ও খরচ রেজিস্টার বোর্ড সচিবের সার্বিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) সংরক্ষণ করিবেন।

৮। **তহবিল নিরীক্ষা ঃ—** (১) জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ড তহবিলের নিরীক্ষা কর্তৃপক্ষ হইবেন বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, যিনি প্রচলিত নিরীক্ষা পদ্ধতি অনুসারে প্রতি বৎসর অন্যূন একবার তহবিলের আয় ব্যয়ের হিসাব নিরীক্ষা করিবেন।

(২) তহবিল-নিরীক্ষা কর্তৃপক্ষ তহবিল সংক্রান্ত যাবতীয় বহি ও অন্যান্য দলিল নিরীক্ষা করিতে পারিবেন এবং প্রয়োজনবোধে বোর্ডের যে কোন সদস্য এবং অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

(৩) তহবিলের হিসাব নিরীক্ষার পর নিরীক্ষা কর্তৃপক্ষ সরকারের নিকট নিরীক্ষা প্রতিবেদন পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম এম রেজা
সচিব।

# ফরম ‘ক’

| (ক) প্রাপ্তির /জমার বিবরণী | | | | | (খ) খরচের বিবরণী | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | অর্থ প্রাপ্তির উৎসের বিবরণী | ব্যাংক ড্রাফট/চেক নং ও তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) | টাকার পরিমাণ | মোট টাকা | খরচ খাতের বিবরণী | চেক নং ও তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) | টাকার পরিমাণ | সহঃ পরিচালকের (অর্থ ও হিসাব) অনুঃ স্বাক্ষর |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | মোট প্রাপ্ত টাকা | | | | মোট খরচ | | | |
| | প্রারম্ভিক মোট | | | | সমাপ্তি জের | | | |
| | সর্বমোট | | | | সর্বমোট | | | |

সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) এর স্বাক্ষর ।

বোর্ড সচিব এর স্বাক্ষর

# ফরম ‘খ’

**জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ড তহবিলের**
**ত্রৈমাসিক খরচের বিবরণী ।**

ত্রৈমাসের নাম ঃ

বৎসর ঃ

| প্রারম্ভিক জের | উক্ত ত্রৈমাসের মোট প্রাপ্তি | মোট অর্থ | উক্ত ত্রৈমাসের মোট ব্যয় | উক্ত ত্রৈমাসের অব্যয়িত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | খাতওয়ারী | | খাতওয়ারী | খাতওয়ারী | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

সংশ্লিষ্ট পরিচালকের স্বাক্ষর ।

আব্দুর রহমান, (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত ।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশনী অফিস,
তেজগাও, ঢাকা কর্তৃক প্রকাশিত ।